

SSC Model Test -2018

অধ্যায় ভিত্তিক

বিষয়		সময়
ইসলাম শিক্ষা		১.৩০মি

পরীক্ষা নং	পূর্ণমান	অধ্যায়
০১	৪০	দ্বিতীয়

পরীক্ষার্থীর নামঃ

রোল নং

--	--	--	--	--	--	--	--

রেজি.নং

--	--	--	--	--	--	--	--

যে কোন ২টি প্রশ্নের উত্তর দাও

১। নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাওঃ

মাওলানা দৌলতপুরী কুরআন মজিদের একটি সূরার ব্যাখ্যা করতে গিয়ে বলেন, ধন-দৌলত এগুলো আল্লাহর দান। প্রয়োজনমতো এগুলো অভাবী সাহায্য প্রার্থীকে দান করার নির্দেশ দেওয়া হয়েছে। কখনো তাদের প্রতি কঠোর হওয়া যাবে না। আল্লাহর কৃতজ্ঞতা প্রকাশ করতে হবে। [দি বাডস রেসিডেনসিয়াল মডেল স্কুল এন্ড কলেজ, শ্রীমঙ্গল]

- ক. 'লা তানহার' অর্থ কী? ১
- খ. কোন শহরকে বালাদুল আমিন বলা হয়? ২
- গ. উদ্দীপকে উল্লিখিত সূরা নাজিলের প্রেক্ষাপট ব্যাখ্যা কর। ৩
- ঘ. উক্ত সূরার শিক্ষা বিশ্লেষণ কর। ৪

২। নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাওঃ

শ্রেণি শিক্ষক ক্লাসে সূরা আল-ইনশিরাহ সম্পর্কে আলোচনা করতে গিয়ে বললেন, মানুষের মধ্যে সবচেয়ে বেশি মুসিবতের সম্মুখীন হয়েছেন নবি-রাসুলগণ। সুতরাং নানা প্রকার জুলুম-নির্যাতনের মধ্যে একজন মুমিন স্মরণ রাখবেন যে আল্লাহর ওয়াদা সত্য। আল্লাহর দীন প্রচারের সময় যে অত্যাচার, নির্যাতন, নিপীড়ন, জুলুম, রাসুল (স)কে সহ্য করতে হয়েছে, একজন মুমিনকেও সেই পথে অগ্রসর হতে হবে।

- ক. শরিয়তের অকাট্য ও প্রামাণ্য দলিল কোনটি? ১
- খ. সূরা আদ-দুহার মূল কথা কী? ২
- গ. পাঠ্যপুস্তকের আলোকে উদ্দীপকের সূরাটির শিক্ষা বর্ণনা কর। ৩
- ঘ. বর্তমান সমাজে এ সূরার প্রভাব শান্তির বার্তা বয়ে আনতে পারে— ব্যাখ্যা কর। ৪

৩। নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাওঃ

কোনো ভিক্ষুক তার নিকট হতে খালি হাতে ফিরে যায়নি। কিন্তু তার ছেলে রকিব ঠিক তার উল্টো চরিত্রের। এই তো সেদিন এক সাহায্যপ্রার্থী ইয়াতীমকে রুচভাবে তাড়িয়ে দেন। তার প্রতিবেশী জমির সংসারের প্রয়োজনে কয়েক ঘণ্টার জন্য একটি কুঠার ও কোদাল চাইলে রকিব তা দেননি।

- ক. 'মাউন' শব্দের অর্থ কী? ১
- খ. কোন প্রেক্ষিতে সূরা আদ-দুহা নাজিল হয়? ২
- ঘ. 'রকিব মূলত বিচার দিবসকে অস্বীকার করেন'— সূরা আল মাউন অবলম্বনে উক্তিটি বিশ্লেষণ কর। ৪

বহুনির্বাচনী প্রশ্নঃ-২০

১) মাদানি সূরার বৈশিষ্ট্য হলো, এতে বর্ণিত হয়েছে—

- ক. তাওহিদ ও রিসালাত খ. আখিরাত ও কিয়ামত
- গ. শিরক ও কুফর ঘ. হালাল ও হারাম

২) الْقَمَرُ (আল কামারু) শব্দের অর্থ কী?

- ক. সূর্য খ. চন্দ্র গ. জ্যোতি ঘ. নক্ষত্র

৩) মুসলিম মনীষীগণ শরিয়তের বিষয়বস্তুকে প্রধানত কয়টি ভাগে ভাগ করেছেন?

- ক. তিন খ. চার গ. পাঁচ ঘ. ছয়

৪) বিশ্বস্ত, সত্যবাদী মুসলিম ব্যবসায়ী কিয়ামতের দিন কাদের সাথে থাকবেন?

- ক. শহিদ খ. হাফিজ গ. আলিম ঘ. মুমিন

৫) রমযান মাসে তারাবির নামায বিশ রাকআত হওয়ার তথ্যসূত্র কোনটি?

- ক. কুরআন খ. সুন্নাহ গ. ইজমা ঘ. কিয়াস

৬) মকবুল মিয়া রাগের মাথায় তার ছাগলটিকে গলা টিপে হত্যা করে এবং পরে জবাই করে উহার গোশত খায়। মকবুল মিয়ার কাজটি—

- ক. হালাল খ. হারাম গ. মুবাহ ঘ. মাকরুহ

৭) "অতএব হে চক্ষুস্মানগণ। তোমরা শিক্ষা গ্রহণ কর।" - আয়াতখানা দ্বারা কোনটিকে বুঝানো হয়েছে?

- ক. কুরআন খ. সুন্নাহ গ. ইজমা ঘ. কিয়াস

- ৮) ইয়ামামার যুদ্ধ কার বিরুদ্ধে পরিচালিত হয়েছিল?
ক. তোলায়হা খ. গোলাম আহমাদ
গ. মুসায়ালামা ঘ. সাজাহ
- ৯) তুর পর্বতে কোন কিতাব নাজিল হয়েছে?
ক. তাওরাত খ. যাবুর গ. ইনজিল ঘ. কুরআন
- ১০) ইয়াতিমদের প্রতি কঠোর হওয়া এবং তাদের সম্পদ জোর করে দখল করা কাদের বৈশিষ্ট্য?
ক. লোভীদের খ. ইহুদিদের
গ. কাফির ও মুনাফিকদের ঘ. জালিমদের
- ১১) হাদিসের রাবি পরম্পরাকে কী বলা হয়?
ক. সনদ খ. রিওয়ায়ত গ. মতন ঘ. তাদবীন
- ১২) 'জীবনের প্রতিটি মুহূর্ত অত্যন্ত মূল্যবান'- এটি কোন সূরার শিক্ষা?
ক. সূরা আশ-শামস খ. সূরা আদ-দুহা
গ. সূরা আল-ইনশিরাহ ঘ. সূরা আল-মাউন
- ১৩) সহিফা 'আস-সাদিকা এর রচয়িতা হচ্ছেন-
ক. হযরত মুসআব ইবনে উমায়র (রা)
খ. হযরত আব্দুল্লাহ ইবনে রাওয়াহা (রা)
গ. হযরত মুগিরা ইবনে শুবা (রা)
ঘ. হযরত আবদুল্লাহ ইবনে আমর ইবনে আস (রা)
- ১৪) حَفِيْفَاتَان (খাফিফাতানে) শব্দের অর্থ?
ক. দুটি বাক্য খ. খুবই সহজ
গ. খুবই প্রিয় ঘ. খুবই ভারী
- ১৫) নিশ্চয় আমি কুরআনকে উপদেশ গ্রহণের জন্য সহজ করে দিয়েছি। অতএব কোনো উপদেশ গ্রহণকারী আছে কি? এটি কোন সূরার আয়াত?
ক. সূরা মুহাম্মাদ খ. সূরা আদ-দুখান
গ. সূরা আল-কামার ঘ. সূরা আল-বুরূজ
- নিচের অনুচ্ছেদটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :
- ড. ইনাম হোসেন একজন গবেষক। ইসলামি শরিয়তের ওপর ব্যাপক গবেষণা করতে চান। ইমাম সাহেবের নিকট পরামর্শ চাইলে তিনি প্রথমে তাকে শরিয়তের সর্বপ্রথম ও সর্বপ্রধান উৎস অধ্যয়ন করতে বলেন।
- ১৬) ইমাম সাহেব ড. ইনাম হোসেনকে কী অধ্যয়নের পরামর্শ দেন?
ক. ইতিহাস খ. হাদিস গ. কুরআন ঘ. ফিকহি গ্রন্থ
- ১৭) ইমাম সাহেবের পরামর্শ মোতাবেক অধ্যয়নের ফলে ড. ইনাম হোসেন জানতে পারবেন-
i. প্রতিটি বিষয়ের ব্যাখ্যা ii. কুরআনের বিভিন্ন উপমা ররর. উপদেশ গ্রহণের উপায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ রর ও ররর ● i, ii ও iii

- ১৮) জনাব আজাদ নিজের বিশ্বাস ও নৈতিক চরিত্রকে ইসলামের অনুসরণে গড়তে চান। এজন্য তাকে অনুসরণ করতে হবে-
i. ইসলামি শরিয়ত ii. মারিফাত ও হাকিকত
iii. ইসলামি বিধি-বিধান
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ. i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii
- ১৯) জনাব হাসিব হালাল-হারাম, ফরজ, ওয়াজিব, সুন্নত ইত্যাদি বিষয়ে সঠিক জ্ঞান লাভ করতে চান। এজন্য তাকে জ্ঞানলাভ করতে হবে-
i. ইসলামি শরিয়তের ii. ইলমে মারিফাতের
iii. ইজমা ও কিয়াসের
নিচের কোনটি সঠিক?
ক. i খ. ii গ. i ও ii ঘ. i ও iii
- ২০) কোন খলিফা সরকারিভাবে হাদিস সংগ্রহ ও সংকলনের উদ্যোগ গ্রহণ করেন?
ক. হযরত আবু বকর (রা) খ. হযরত উমর (রা)
গ. হযরত উসমান (রা) ঘ. হযরত উমর ইবনে আব্দুল আযিয